গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।
www.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪০.০০৫.২৫-৪৯ তারিখ : ২১.০১.২০২৫ খ্রি:

**নোটিশ**

জানুয়ারী/২৫ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ (যমুনা) সভাকক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ২৯.০১.২০২৫ খ্রি: | সকাল ১০.০০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| ০২. | ২৯.০১.২০২৫ খ্রি: | বেলা ১২.০৫ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৩. | ২৯.০১.২০২৫ খ্রি: | বেলা ১২.১০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৪. | ২৯.০১.২০২৫ খ্রি: | বেলা ১২.২০ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৫. | ২৯.০১.২০২৫ খ্রি: | বেলা ১২.২৫ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৬. | ২৯.০১.২০২৫ খ্রি: | বেলা ১২.৩০ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |
| ০৭ | ২৯.০১.২০২৫ খ্রি: | বেলা ১২.৩৫ টা | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা |

২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ২৬.০১.২০২৫ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

২১.০১.২৫

নাদির শাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।
টেলিফোন নম্বর: ০২৯৯৭৭৭৬৮০২
ই-মেইল-unomadarganj@mopa.gov.bd

প্রাপকঃ ১। উপজেলা........................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান.........................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব ..........................................................................................................

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ
১। জেলা প্রশাসক, জামালপুর।
২। অফিস কপি।

উপজেলা পরিষদ

মাদারগঞ্জ, জামালপুর

<u>জানুয়ারি/২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:</u>

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাদির শাহ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর |
| সভার তারিখ | : | ২৯ জানুয়ারি ২০২৫ খ্রি: |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**১। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো:**

**২। সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'খ' দেখানো হলো:**

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার কর্মসূচী অনুযায়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অন্যান্য বিষয়াদির উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|
| **<u>০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:</u>**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ডিসেম্বর/২৪ মাসে এ উপজেলায় ১১,৯৫০ জনকে বর্হিঃ বিভাগে সেবা, ১৯৯৪ জন জরুরী বিভাগে সেবা, ৭৬৬ অন্তঃ বিভাগ সেবা, ৬০২ জন হাসপাতালে ডেলিভারী, ২৪০২ জন (০-৫) বছর বয়সী শিশুর আই এমসি আই সেবা, ৩২৪১ জন মোবাইল ফোনে সেবা, ৯২% ইপিআই টিকা (জানুয়ারী/২৪ থেকে অক্টোবর/২৪) পর্যন্ত এবং ৩৭ টি কমিউনিটি ক্লিনিকের সেবার পরিমান ৩৮৬২০ জন, ১২৫২০ জন সাবসেন্টার ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবা। ডেঙ্গু জ্বরে আক্রান্ত ৩২ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **<u>০২. উপজেলা কৃষি বিভাগ:</u>**<br>উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ডিসেম্বর/২৪ মাসের<br>ক) ২০২৪-২৫ অর্থবছরে এ পর্যন্ত প্রাপ্ত প্রণোদনা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।<br>খ) উপজেলা কৃষক প্রশিক্ষণ কেন্দ্রের সামনে মাটি ভরাট করা প্রয়োজন।<br>ঘ) মোসলেমাবাদ, গুনারীতলাতে একটি বিএস কোয়ার্টার সংস্কার করা অতীব জরুরি। সেজন্য ভবনটির প্রাক্কলন করা প্রয়োজন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| **<u>০৩. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:</u>**<br>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় প্রকল্পসমূহ বাছাই কমিটির সদস্যদের সাথে আলোচনার মাধ্যমে প্রকল্প যাচাই এবং বাছাই সম্পন্ন হয়েছে। দ্রুত সময়ের মধ্যে সাইট ভিজিট করে প্রকল্প চূড়ান্ত করে দরপত্রের আহ্বান করা হবে। | পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| **<u>০৪. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:</u>**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ডিসেম্বর/২০২৪ মাসের তাঁর দপ্তরের ৬৮৬ টি কৃত্রিম প্রজনন ও ৩৬৬ টি উন্নত জাতের বাছুর উৎপাদন, ১৯০৮ টি গবাদিপশু ও ২১২০০ টি হাঁসমুরগী কে চিকিৎসা সেবা প্রদান করা হয়, হাসমুরগী টিকা প্রদান ২১২০০ মাত্রা, গবাদি পশু ১৯০৮ মাত্রা এবং রাজস্ব আদায় ৬১২৪০ টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ |
| **<u>০৫. উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় :</u>** উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ডিসেম্বর/২০২৪ মাসের ১) ২২ জন মৎস্য চাষীকে মাছচাষের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে ২) মৎস্য সম্পদের উন্নয়ন ও সুরক্ষার জন্য আইন বাস্তবায়ন অব্যহত হয়েছে ৩) জাটকা সংরক্ষন অভিযান ২০২৪ উপলক্ষে উপজেলার বিভিন্ন বাজার, আড়ৎ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে ৪) অত্র উপজেলায় বেসরকারী মৎস্য হ্যাচারী নিবন্ধন নবায়নের জন্য হ্যাচারী পরিদর্শন করা হচ্ছে ও মৎস্য খাদ্য বিক্রিতাদের যথাসময়ে নিবন্ধন নবায়নের জন্য যথারীতি তাগিদ দেওয়া হচ্ছে ৫) দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **<u>০৬. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:</u>**<br>উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত এবং যথাসময়ে কার্যপত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| **<u>০৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:</u>**<br>উপজেলা পরিবার পরিকল্পনা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২০২৪ মাসে স্থায়ী পদ্ধতি ০৬ জন, আইইউডি ০৯ জন, ইমপ্ল্যান্ট ৩৮ জন, ইনজেকশন ৭৬ ভায়েল, খাবারবড়ি সুখী ১৭৪৭ চক্র, কনডম ৫২৯৫, ইসিপি ০৬ জন এবং ১৩ জনকে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **<u>০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u>**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর এর অনুপস্থিতিতে উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান ডিসেম্বর/২৪ মাসে<br>১) শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, ২) মাদক বিরোধী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে কমিটি গঠন, ৩) ২০২৫ শিক্ষাবর্ষের পাঠ্য পুস্তকের চাহিদা অনুযায়ী পাঠ্যপুস্তক গ্রহণ ও বিতরণের কাজ চলমান, ৪) শিক্ষা প্রতিষ্ঠানে IMS ডাটা হাল নাগাদ করা, শিক্ষা প্রতিষ্ঠানে এমপিও এর কাজ | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর |

| | | |
|---|---|---|
| চলমান, সকল এমপিওভূক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের ইএফটি কার্যক্রম হালনাগাদ করা, আইসিটি বিষয়ে বিটিটি প্রশিক্ষণের জন্য শিক্ষকের তালিকা প্রনয়ণ (৫) মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে (বিদ্যালয়) ছাত্রীদের মাঝে আয়রণ ট্যাবলেট বিতরণ (৬) ৫৩ তম বাংলাদেশ জাতীয় স্কুল মাদরাসা ও কারিগরি শিক্ষা শীতকালিন ক্রীড়া প্রতিযোগিতা- ২০২৫ উদযাপন কার্যক্রম চলমান রয়েছে। | | |
| **০৯. উপজেলা সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ডিসেম্বর ২০২৪ মাসে<br>ক) প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদন ১৫.১০.২০২৪ হতে ৩০.১২.২০২৪ পর্যন্ত চলমান।<br>খ) রোগী কল্যাণ সমিতির মাধ্যমে মাদারগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তিকৃত ১৬ জন অসহায় দুস্থ রোগীদের মাঝে ১৭,৯৭৮ টাকার ওষুধ বিতরণ।<br>গ) ভাতাভোগীদের লাইফভেরিফিকেশন কার্যক্রম চলমান।<br>ঘ) ভাতাভোগীদের সচেতন করার লক্ষ্যে প্রচরণার কার্যক্রম চলমান<br>ঙ) প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে।<br>চ) ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মোট ৫,১৩,৫৩০ টাকা আদায় করা হয়েছে।<br>ছ) ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মূল বিনিয়োগ ও পুনবিনিয়োগ সর্বমোট ৪,৪০,০০০/-। | (ক) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১০. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২০২৪ মাসে তাঁর দপ্তরে চলতি ঋণ আদায় ১,০৪,০০০/-, ঋণ বিতরণ ৪,৪০,০০০/- টাকা, খেলাপী ঋণ আদায় ৩০০০/- টাকা এবং সঞ্চয় আদায় ৯০০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২৪ মাসের টিআর ,কাবিখা/কাবিটা, ইজিপিপি ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দ পাওয়া যায়নি। এইচবিবি করণ ০২ টি বরাদ্দকৃত টাকা ১,৭৫,২০১৮৫/-, বীজ ৪৯ টি বরাদ্দকৃত অর্থ ২০,৪৮,০৮,৯৬৩। বন্যা প্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প ০২ টি বরাদ্দকৃত অর্থ ৬,৬১৩১,০০২/- মুজিব কিল্লা নির্মাণ ০২ টি বরাদ্দকৃত অর্থ ৩,৯০,৯৯,৬৭৬ ডিআরএমপি (জাইকা) ০১ টি বরাদ্দকৃত অর্থ ৪,৭৮,০০,০০০/-টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, চলতি আদায়যোগ্য ২,০৭,৩৮০/-, আদায়কৃত ১,৯৩,১৩০, হার ৯৩% : ক্রমপঞ্জিত আদায়যোগ্য ৩,৩৪,৩২,৫৮৩, ক্রমপঞ্জিত আদায়কৃত ৩,৩৬,৩৯৯৬৩/-, হার ৯৭.৯৫%; কিস্তি খেলাপি ৩২,৩২৭, আদায়কৃত ১৭,৭০০/-, হার ২.৩৬%; ঋণ খেলাপি: ৭,০৭,৮৪৫/-, আদায়কৃত ৫,৫৫০/-, হার ০.১৩%; চলতি অর্থবছরে প্রশিক্ষণ : ১৪ ব্যাচ, প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ২ ব্যাচে ৬০ জন করে। চলতি অর্থবছর অনুদানপ্রাপ্ত যুব সংগঠন দুই টি। অপ্রাতিষ্ঠানিক ট্রেনিংসম্পন্ন হয়েছে ২ ব্যাচ ৬০ । | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর । |
| **১৩. উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৪. উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে ডিসেম্বর/২০২৪ মাসে<br>(ক)ভিডব্লিউবি : উপজেলার ০৭ টি ইউনিয়নের ৩১৪৩ জন সুবিধাভোগীর খাদ্য সহায়তার জন্য ডি.ও প্রদান করা হয়েছে।<br>(খ) ডব্লিউটিসি : মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪ পর্যন্ত ২য় ব্যাচে প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। যা ৩১.১২.২০২৪ খ্রি: তারিখে সমাপ্ত হবে। জানুয়ারী/২৫ হতে মার্চ/২৫ পর্যন্ত অনলাইন আবেদনসহ ভাতা প্রাপ্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>(গ) মা ও শিশু সহায়তা কর্মসূচী: উক্ত কর্মসূচীর আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে ০৭ টি ইউনিয়ন বরাদ্দ পাওয়া যাওয়ায় অক্টোবর/২৪ পর্যন্ত উপকারভোগী বাছাই অনলাইন কার্যক্রম সম্পন্ন হয়েছে। উপকারভোগী বাছাই অনলাইন কার্যক্রম জুন/২৫ পর্যন্ত চলমান থাকবে ও পৌরসভায় বরাদ্দ পাওয়ায় উক্ত কার্যক্রমের ডিসেম্বর/২৪ পর্যন্ত অনলাইন আবেদনসমূহ ভাতা কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>(ঘ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় স্থাপনকৃত ০৮ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১৫.উপজেলা আইসিটি বিভাগ**<br>উপজেলা আইসিটি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তার কার্যালয় থেকে ৯৫ জন ব্যক্তি/প্রতিষ্ঠানে বিভিন্ন আইসিটি সেবা প্রদান করা হয়েছে। | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আইসিটি অফিসার, মাদারগঞ্জ |
| **১৬. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ স্কিম এর ৩৭ টি গভীর নলকূপের কাজ এবং৩০০ টি হাউজ কানেকশন বিশিষ্ট লার্জড ওয়াটার পাইপ লাইনের কাজ চলমান রয়েছে। মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৩২ টি স্মল পাইপ লাইনের স্কিম ও ৫০০ টি হাউজ কানেকশন বিশিষ্ট লার্জড ওয়াটার পাইপড লাইনের কাজ চলমান রয়েছে এবং দরিদ্র পরিবারের মাঝে প্রতিটি ইউনিয়নে ২২৯ টি করে টুইন পিট টয়লেটের কাজ চলমান রয়েছে। পিইডিপি -৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক ও বেসিন এর কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, |

| | | |
|---|---|---|
| **১৭. উপজেলা পরিসংখ্যান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর ডিসেম্বর/২৪ মাসের<br>ক) দাগগুচ্ছ ১মপর্ব এর প্রতিবেদন জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ খ) মাসিক কৃষি মুজুরীর জানুয়ারি/২০২৫ রিপোর্ট জেলা পরিসংখ্যানে অফিসে প্রেরণ করা হয়েছে। গ) আলু ফসলের পূর্বাভাস এর প্রতিবেদন জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১৮. উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ডিসেম্বর/২৪ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচির মাধ্যমে ১৫ টাকা কেজি দরে ভোক্তাদের মাঝে পুষ্টি চাল বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। | নির্ধারিত নিয়মে চাল বিতরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৯. উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে ১৯.০১.২৫ খ্রিঃ তারিখ হতে ৩০.০১.২৫ খ্রি: তারিখ পর্যন্ত মোট ১০ (দশ) কর্মদিবসের গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২০. উপজেলা পাট উন্নয়ন বিভাগ:**<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর ডিসেম্বর/২৪ মাসের চলতি মৌসুমে নাবী পাট বীজ উৎপাদনকারী চাষীদের মাঝে মাঠপর্যায়ের ফসল কর্তন এবং বীজ শুকানো এবং বীজ সংরক্ষণ কার্যক্রম চলমান। দপ্তরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **২১. উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের ডিসেম্বর/২৪ মাসে ঋণবিতরণ ৫৯.২৫ লক্ষ টাকা, আদায় ৫৭.৫৮ লক্ষ টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২২. উপজেলা বন বিভাগ:**<br>ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ডিসেম্বর/২৪ মাসে মাদারগঞ্জ উপজেলায় জনসাধারণের মধ্যে বিক্রয় ও বিতরনের জন্য বিভিন্ন প্রজাতির মোট ২০০০ (দুই হাজার) চারা উৎপাদনের কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৩. পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক ডিসেম্বর/২৪ মাসের সঞ্চয় আদায় ৪.১০ লক্ষ, ঋণ বিতরণ ৫৫.৫০ লক্ষ, ঋণ আদায় ৫৮.৭০ লক্ষ, খেলাপির হার ২৩%। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৪. ফায়ার সর্ভিস বিভাগ:**<br>সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২০২৪ মাসে অগ্নিনিবারণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| **২৫. তথ্য আপা প্রকল্প:**<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২৪ মাসে তথ্যকেন্দ্রের সেবা গ্রহিতার সংখ্যা ৮৮ জন, ডোর টু ডোর সেবা গ্রহিতার সংখ্যা ৩৩০ জন এবং উঠান বৈঠক ৫০ টি। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | তথ্য সেবা কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৬. ইসলামিক ফাউন্ডেশন:**<br>উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা পরিদর্শনে কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর |
| **২৭. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান নতুন কর্ম কৌশল নির্ধারণের ইউজিডিপির প্রধান কার্যালয়ে কিছু নির্দেশনা আছে। নির্দেশনা অনুযায়ী নিয়মিত ওয়েবপোর্টাল হালনাগাদ করা এবং উপজেলা পরিষদে ওয়েবপোর্টাল এলজিডি এমআইএস সাথে সম্পৃক্ত করতে হবে। পরবর্তী বরাদ্দের ক্ষেত্রে এলজিডি এমআইএস এর আপলোডকৃত তথ্যের উপর ভিত্তি করে উপজেলা পরিষদ পরবর্তী বরাদ্দ পাওয়ার জন্য উপযুক্ত হবে। ১৭ টি উপজেলা কমিটির সভাপতি ও ভাইস চেয়ারম্যান না থাকায় উপজেলা পরিষদের ম্যানুয়াল অনুযায়ী প্রশাসকের নির্দেশনা মোতাবেক নিয়মিত সভা করার জন্য অনুরোধ করেন। বাস্তবায়িত কাজের মাঠ পরিদর্শন করে প্রতিবেদন জমা দেয়াসহ উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদের কাজসহ প্রশাসনিক কাজে সহযোগিতা করার নির্দেশনা দেয়া হয়েছে। | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | (ক) উপজেলা প্রকৌশলী<br>(খ) ইউডিএফ (ইউজিডিপি) |
| **২৭. বিবিধ:**<br>ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (সংশোধিত) এরধারা ২৯ (১) অনুযায়ী ১৭ টি কমিটি গঠন ও কার্যকর করার বিধান রয়েছে। উক্ত আইনের ধারা ২৯ এর উপধারা ৬ অনুযায়ী উপজেলা পরিষদের ১৭ টি কমিটির প্রতি ২ (দুই) মাস অন্তর একটি করে সভা করার বিধান রয়েছে। উক্ত ১৭ টি কমিটির উপজেলা পরিষদের সভাপতি এবং ভাইস চেয়ারম্যানগণ দায়িত্ব পালন করে থাকেন। গত ১৯ আগস্ট, ২০২৪ খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৫০০ নং স্মারকমূলে ২০২৪ এর ধারা ১৩ (ঘ) প্রয়োগ করে সকল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানপদের পদ শূণ্য ঘোষনা করা হয়েছে। বিধায় উপজেলা পরিষদে ১৭ টি স্থায়ী কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৫.১৪.০১০.২৩- ২৪৩ তারিখ: ১২ ডিসেম্বর ২০২৪ এর বিদ্যামান কমিটিগুলোকে পূর্নগঠন করার জন্য নির্দেশনা মোতাবেক আলোচনা করা হয় এবং আলোচনান্তে কমিটিগুলোর একটি রূপরেখা প্রণনয়ন করা হয় ( সংযুক্ত তালিকা পরিশিষ্ট –খ) | ক) বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৫. ১৪.০১০.২৩-২৪৩, তারিখ ১২ ডিসেম্বর ২০২৪ মূলে বিদ্যামান কমিটি গুলোকে পূর্নগঠন করে (সংযুক্তি তালিকা পরিশিষ্ট- খ) চূড়ান্ত অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হলো।<br>খ) বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ডিসেম্বর/২৪ মাসের মোট ২,০২,৭২৪/- (দুই লক্ষ দুই হাজার সাতশত চব্বিশ) টাকা ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | উপজেলা প্রশাসক, মাদারগঞ্জ, জামালপুর |

| খ) রাজস্ব তহবিলের ডিসেম্বর/২৪ মাসের ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | | |
|---|---|---|
| | | |

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| বাসাবাড়ী মেরামত | ৫০,০০০ |
| আপ্যায়ন | ২৩,৫৪০ |
| পরিষ্কার পরিচ্ছন্নতা | ৮০০০ |
| সুইপারের বেতন | ১১,০০০ |
| ভূগর্ভস্থ পানির লাইন মেরামত | ২৪,১৮৪ |
| অফস সরঞ্জামাদি | ২৫,০০০ |
| মালির বেতন | ১১,০০০ |
| দিবস | ৫০,০০০ |
| মোট | ২,০২,৭২৪ |

উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯.০১.২৫

নাদির শাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারকনং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৫- ৬৬

তারিখ ঃ ২৯ জানুয়ারি ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৩। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
৪। প্রশাসক/চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . . ..................ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৫। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

২৯.০১.২৫

উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

জানুয়ারি/২৫ মাসের মাসিক সভার তালিকা

তাং: ২৯/০১/২৫ সময়: ১০.০০

| ক্র. নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা " " | |
| ৩ | উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | [signature] |
| ৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা " " | [signature] |
| ৫ | " প্রকৌশলী " " " | [signature] |
| ৬ | " মৎস্য " " " | [signature] |
| ৭ | " শিক্ষা অফিসার " " | |
| ৮ | " পরিবার পরিকল্পনা কর্মকর্তা " " | [signature] |
| ৯ | " মাধ্যমিক শিক্ষা অফিসার " " | [signature] |
| ১০ | " সমাজসেবা কর্মকর্তা " " | [signature] |
| ১১ | " পল্লী উন্নয়ন অফিসার " " | [signature] |
| ১২ | " প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা " " | [signature] |
| ১৩ | " যুব উন্নয়ন অফিসার " " | [signature] |
| ১৪ | " সমবায় " " " | [signature] |
| ১৫ | " মহিলা বিষয়ক অধিদপ্তর " " | [signature] |
| ১৬ | " আইসিটি অফিসার " " | [signature] |
| ১৭ | " জনস্বাস্থ্য প্রকৌশলী " " | [signature] |
| ১৮ | " পরিসংখ্যান অফিসার " " | |
| ১৯ | " খাদ্য নিয়ন্ত্রক " " | [signature] |
| ২০ | " আনসার ও ভিডিপি কার্যালয় " " | [signature] |
| ২১ | " পাট উন্নয়ন কর্মকর্তা " " | |
| ২২ | " দারিদ্র বিমোচন কর্মকর্তা " " | [signature] |
| ২৩ | " সাবরেজিস্টার " " | [signature] |
| ২৪ | " পল্লী সঞ্চয় ব্যাংক " " | [signature] |
| ২৫ | উপজেলা মাধ্যমিক এবং বিভিন্ন বিদ্যালয় " " | |
| ২৬ | " তথ্য সেবা কর্মকর্তা " " | |
| ২৭ | " ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন " " | |
| ~~২৬~~ | | |
| ২৮ | উপজেলা নির্বাচন অফিসার | |
| ২৯ | পল্লী বিদ্যুৎ সমিতি, মাদারগঞ্জ | |
| ৩০ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | [signature] |
| ৩১ | চেয়ারম্যান, ১নং, চরপাকেরদহ | [signature] |
| ৩২ | " ২নং, কড়ইচড়া | [signature] |
| ৩৩ | " ৩নং, গুনারীতলা | [signature] |
| ৩৪ | " ৪নং, বালিজুড়ী | [signature] |
| ৩৫ | " ৫নং, জোড়খালী | [signature] |
| ৩৬ | " ৬নং, আদারভিটা | |
| ৩৭ | " ৭নং, সিধুলী | |
| ৩৮ | উপজে | |
| ৩৯ | মো: জুলহাস উদ্দিন, পৌর নির্বাহী কর্মকর্তা মাদারগঞ্জ পৌরসভা | [signature] |
| ৪০ | ( | |